# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

স্মারক নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৫-১৪৮ তারিখ: ০৮.০৯.২০২৬

## বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুনাই-এ পুরুষ কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত কোম্পানিতে বর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে আগ্রহীদের অনলাইনে আবেদন গ্রহণ করা হবে:

| ক্র. নং | কোম্পানির নাম | পদের নাম | সংখ্যা | বেতন/মজুরি (ব্রুনাই ডলার) | বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | Takaza Contractor | Buruh (শ্রমিক) | ০১ | দৈনিক ২০ ডলার | ২০-৩৮ বছর | --- | বর্ণিত পদে প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | KLC Sdn Bhdw | Welder (ওয়েল্ডার) | ০২ | দৈনিক ২২ ডলার | ২০-৪৫ বছর | প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত | |
| | | Aluminium Installer (এ্যালুমিনিয়াম ইন্সটলার) | ০১ | দৈনিক ২২ ডলার | ২০-৪৫ বছর | প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত | |
| | | Fabricator (ফেবরিকেটর) | ০১ | দৈনিক ২০ ডলার | ২০-৪৫ বছর | প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত | |
| | | Labourer (শ্রমিক) | ০১ | দৈনিক ২০ ডলার | ২০-৪৫ বছর | প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত | |
| ৩. | Kausar Contractor and Engineering Company | Tukang Simen (সিমেন্ট মিস্ত্রি) | ০৩ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | --- | |
| ৪. | Allision Engineering Company | Mechanic (মেকানিক) | ০১ | দৈনিক ৩৫ ডলার | ২০-৫০ বছর | --- | |
| | | Lorry Driver (লরি চালক) | ০১ | দৈনিক ৩০ ডলার | ২০-৫০ বছর | --- | |
| ৫. | AKS Sdn Bhd | Construction Labourer (নির্মাণ শ্রমিক) | ০৮ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | প্রাথমিক | |
| ৬. | Golam Sdn Bhd | General Labourer (সাধারণ শ্রমিক) | ০৩ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | --- | |
| | | Aircond Technician (এসি টেকনিশিয়ান) | ০১ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | --- | |
| | | Electrical Technician (ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান) | ০১ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | --- | |
| ৭. | CityNeon Display & Construction Sdn Bhd | General Worker (সাধারণ কর্মী) | ১৫ | দৈনিক ২০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Construction Worker (নির্মাণ কর্মী) | ২০ | দৈনিক ২০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Electrician (ইলেকট্রিশিয়ান) | ০৩ | দৈনিক ২০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Welder (ওয়েল্ডার) | ০৩ | দৈনিক ২০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Driver (ড্রাইভার) | ০২ | মাসিক ৬০০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Sign Technicain (সাইন টেকনিশিয়ান) | ০৩ | মাসিক ৬০০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Audio Visual Technician (অডিও ভিজুয়াল টেকনিশিয়ান) | ০২ | মাসিক ৬০০ ডলার | ২০-৪৫ বছর | বিশ্ববিদ্যালয় ডিগ্রি | |
| | | Automotive Mechanic (অটোমোটিভ মেকানিক) | ০৩ | মাসিক ৬০০ ডলার | ২০-৪৫ বছর | অটোমোবাইল চার্ট | |
| | | Aircond Technician (এসি টেকনিশিয়ান) | ০৩ | মাসিক ৬০০ ডলার | ২০-৪৫ বছর | এইচভিএসি চার্ট | |
| | | Finishing Carpenter (ফিনিশিং কার্পেন্টার) | ০৩ | মাসিক ৬৫০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| | | Landscape Technician (ল্যান্ডস্কেপ টেকনিশিয়ান) | ০২ | মাসিক ৬৫০ ডলার | ২০-৪৫ বছর | বিশ্ববিদ্যালয় ডিগ্রি | |
| | | Heavy Vehicle Driver (হেভী যানবাহন ড্রাইভার) | ০৬ | মাসিক ৭০০ ডলার | ২০-৪৫ বছর | --- | |
| ৮. | Md Raffie Construction | Heavy Vehicle Driver (হেভী যানবাহন ড্রাইভার) | ০১ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | --- | |
| ৯. | APR Sdn Bhd | Construction Labourer (নির্মাণ শ্রমিক) | ০৬ | মাসিক ৬০০ ডলার | ২০-৫০ বছর | প্রাথমিক | |
| | | মোট | ৯৬ জন | | | | |

**নির্ধারিত অনলাইন আবেদন লিংক: brms.boesl.gov.bd**

**চাকরির শর্তাবলী:**

- শ্রম চুক্তি: ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ-সুবিধাদি ব্রুনাই-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**অন্যান্য শর্তাবলী:**

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংক brms.boesl.gov.bd -এ **আগামী ১২ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ, বিকাল ০৪.০০ টার** মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো;
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ১০০ (একশত) টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে; অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
- প্রাপ্ত আবেদন প্রয়োজনীয় যাচাই-বাছাই এর জন্য সংশ্লিষ্ট কোম্পানীতে পাঠানো হবে। নিয়োগকর্তা কর্তৃক যাচাই-বাছাই শেষে প্রস্তুতকৃত শর্ট লিস্ট এবং তাদের নির্ধারিত সময়সূচি মোতাবেক চূড়ান্ত ইন্টারভিউর জন্য আবেদন কারীদের এসএমএস এর মাধ্যমে ডাকা হবে; S
- ইন্টারভিউর সময় প্রার্থীর মূল পাসপোর্ট ইংরেজি জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- অনলাইনে আবেদন, চাকরির ইন্টারভিউ এবং চূড়ান্ত নির্বাচন কোনো প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- ইংরেজী ও মালয় (মালয়েশিয়া) ভাষা জানা প্রার্থীদের ক্ষেত্রবিশেষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার প্রদান করা হয়।

**সার্ভিস চার্জ:** নিয়োগকর্তা কর্তৃক চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা উত্তীর্ণদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ, ভ্যাট, এআইটি, বীমা, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ দক্ষদের ক্ষেত্রে ৫৬,৩৫০/- (ছাপ্পান্ন হাজার তিনশত পঞ্চাশ) এবং অদক্ষ/আধা-দক্ষদের ক্ষেত্রে ৪৪,৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার "বোয়েসেল, ঢাকা" নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখা থেকে সম্পন্ন করে বোয়েসেলে মূল কপি জমা দিতে হবে। দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে। নির্ধারিত সার্ভিস চার্জের বাহিরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থ দাবি করলে নিশ্চিত প্রতারক হিসেবে বিবেচিত হবে। নগদ লেনদেন থেকে বিরত থাকুন। প্রতারণা থেকে সাবধান।

**বি:দ্র: কর্মী নিয়োগ ও নির্বাচন পরীক্ষা নিয়োগকর্তা বা তার প্রতিনিধি কর্তৃক সম্পন্ন করা হয়। কর্মী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগকর্তার সিদ্ধান্তই চূড়ান্ত। এক্ষেত্রে বোয়েসেল-এর কোনো সংশ্লেষ নেই।**

**বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো অর্থ প্রদান করবেন না।**
**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বাংলাদেশে বোয়েসেলের কোনো এজেন্ট/সাব-এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।**

**জরুরি প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, মোবাইল: ০১৭৬৫-৪১১৬৫৩**

০৮/০৯/২৫

মোছাঃ নাজমুন নাহার
ডিজিএম (প্র. মা. অ.)